

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-৮ (ভোকেশনাল-৩)  
এফ-৪/বি, আগারগাঁও ঢাকা।  
ওয়েব সাইড: www.techedu.gov.bd.

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯১.২০১৭-

তারিখ: ০১/২০১৭খ্রিঃ

বিষয় : সাতক্ষীরা জেলাধীন সাতক্ষীরা পল্লীমঙ্গল স্কুল এন্ড কলেজের ভোকেশনাল শাখার সহকারি শিক্ষক(বিজ্ঞান) পদে নিয়োগের ক্ষেত্রে জেলা শিক্ষা অফিসার প্রদত্ত বে-আইনী নির্দেশনা বাতিল এবং বিজ্ঞ ম্যাজিস্ট্রেটের মাধ্যমে পুন: তদন্তের আবেদনের প্রেক্ষিতে নিয়োগ সংক্রান্ত দলিল পত্রাদি যাচাই প্রসঙ্গে।

সূত্রঃ ক) সাতক্ষীরা জেলা প্রশাসকের কার্যালয়ের স্মারক নং-৩৭.৪৪.৮৭০০.০১০.০৩.০১১.১৬-৯৫৮ তারিখঃ ২২/০৮/২০১৬খ্রিঃ  
খ) সাতক্ষীরা জেলা শিক্ষা অফিসের স্মারক সংখ্যা-৫২২৮ তারিখঃ ০৩/০১/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে তাঁর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলাধীন সাতক্ষীরা পল্লীমঙ্গল স্কুল এন্ড কলেজের ভোকেশনাল শাখার সহকারি শিক্ষক(বিজ্ঞান) পদে নিয়োগ পরীক্ষায় ১ম স্থান অধিকারী জনাব বিশ্বজিৎ বিশ্বাসকে নিয়োগ না দিয়ে ২য় স্থান অধিকারীকে নিয়োগ পত্র প্রদান করার অভিযোগ পাওয়া গেছে। নিয়োগ-বাছাই পরীক্ষায় ১ম স্থান অধিকারীকে বাদ দিয়ে ২য় স্থান অধিকারীকে নিয়োগ প্রদান বিধি সম্মত নয়- মর্মে অভিযোগে উল্লেখ রয়েছে।

২। ডকেট নং-৪৯৪/১৬, তারিখঃ ২০/০৪/২০১৬খ্রিঃ মোতাবেক অত্র দপ্তরে একই নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে সহকারী শিক্ষক ভাষা(ইংরেজি), সহকারী শিক্ষক(গনিত), সহকারী শিক্ষক(বিজ্ঞান) এবং কম্পিউটার প্রদর্শকের একই তারিখে নিয়োগ-বাছাই পরীক্ষা অনুষ্ঠিত হলেও সহকারী শিক্ষক(বিজ্ঞান)-এর আবেদন বাদ দিয়ে অন্যান্য পদের এমপিও আবেদন অত্র দপ্তরে প্রেরণ করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে সহকারী শিক্ষক ভাষা(ইংরেজি) ও সহকারী শিক্ষক(গনিত)-কে এমপিও ভুক্ত করা হয়।

৩। এছাড়া পূর্বে প্রেরিত সহকারী শিক্ষক ভাষা(ইংরেজি), সহকারী শিক্ষক(গনিত) এবং কম্পিউটার প্রদর্শকের এমপিও আবেদনে তাঁদের মূল টেবুলেশন শীট এবং ডকেট নং-১০৭/১৭, তারিখঃ ১৫/০১/২০১৭খ্রিঃ মোতাবেক প্রেরিত সহকারী শিক্ষক(বিজ্ঞান)-এর টেবুলেশন শীট এবং রেজুলেশনে প্রার্থীদের সুপারিশ করার ক্ষেত্রে হাতের লেখার ভিন্নতা পরিলক্ষিত হয়। এ বিষয়ে নিশ্চিত হওয়ার জন্য নিম্ন বর্ণিত কাগজপত্রাদি যাচাই করা প্রয়োজনঃ

- ক) নিয়োগের মূল রেজুলেশন বহি  
খ) সকল প্রার্থীর মূল টেবুলেশন শীট  
গ) মূল নিয়োগ পত্র ও যোগদান

এমতাবস্থায়, সহকারী শিক্ষক(বিজ্ঞান)-এর এমপিও ভুক্তির লক্ষ্যে বর্ণিত মূল কাগজপত্রাদি এবং উহার একসেট ফটোকপিসহ প্রতিষ্ঠান প্রধানকে আগামী ২৪/০১/২০১৭খ্রিঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় অত্র দপ্তরে উপস্থিত থেকে কাগজপত্রাদি যাচাইয়ে সহযোগিতা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


উল্লেখ্য, নিয়োগের ক্ষেত্রে মহিলা কোটা পূরণের সরকারী বিধি বিধান অনুসরণ করতে হবে।

প্রাপকঃ  
প্রধান শিক্ষক  
সাতক্ষীরা পল্লীমঙ্গল স্কুল এন্ড কলেজ  
সাতক্ষীরা


স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯১.২০১৭- ৫৮

সদয় অবগতির জন্য অনুলিপি :


- ১। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
- ২। উপসচিব (কারিগরি-১/২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
- ৪। সভাপতি, সাতক্ষীরা পল্লীমঙ্গল স্কুল এন্ড কলেজ, সাতক্ষীরা।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ইএমআইএস সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হল)।
- ৬। পি.এ. টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। সংরক্ষণ নথি।

  
(মোঃ মিজানুর রহমান)  
যুগ্ম-সচিব

ও  
পরিচালক (ভোকেশনাল)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।



তারিখঃ ০১/০১/২০১৭খ্রিঃ

  
(মোহাম্মদ আতিকুর রহমান)  
সহকারী পরিচালক (এমপিও)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।